



স্মারক নং-খুপ্রবি/ডিএসডব্লিউ/১৮/১৪৬৭/৫০

তারিখঃ ০৩/০৪/২০১৮


## বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ২৫/০৩/২০১৮ইং তারিখ রবিবার ময়মনসিংহের ভালুকায় ভাড়া কৃত অস্থায়ী বাসায় গভীর রাতে ঘুমন্ত অবস্থায় আকস্মিক একটি বিস্ফোরণজনিত দুর্ঘটনায় অত্র বিশ্ববিদ্যালয়ের টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের ৪র্থ বর্ষের ইন্ডাস্ট্রিয়াল এ্যাটাচমেন্টের অত্যন্ত মেধাবী শিক্ষার্থী মোঃ তৌহিদুল ইসলাম (রোল-১৩২১০৫০), মোঃ শাহীন মিয়া (রোল-১৩২১০০৪) মোঃ হাফিজুর রহমান (রোল-১৩২১০৪৫) ও দিগন্ত সরকার (১৩২১০৫৫) অকাল প্রাণ হারান। বিশ্ববিদ্যালয় পরিবার গভীর ভাবে শোকাহত।

নিহতদের স্মরণে আগামী ০৫/০৪/১৮ তারিখ বৃহস্পতিবার বাদ আসর সমাবর্তন পেন্ডেলের ভিতরে তাঁদের বিদেহী আত্মার মাগফেরাত কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

একই সময়ে প্রতিটি পরিবারের সদস্যদের নিকট বিশ্ববিদ্যালয়ের পক্ষে থেকে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার চেক হস্তান্তর করা হবে। উক্ত অনুষ্ঠানে খুলনা ও আসনের মাননীয় সংসদ সদস্য বেগম মনুজান সুফিয়ান, এম পি এবং বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর উপস্থিত থাকবেন।

উক্ত দোয়া মাহফিল অনুষ্ঠানে সকলকে অংশগ্রহণের জন্য বিশেষভাবে বলা যাচ্ছে।

  
(প্রফেসর ড. সোবহান মিয়া)

পরিচালক (ছাত্র কল্যাণ)  
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং-খুপ্রবি/ডিএসডব্লিউ/১৮/১৪৬৭/৫০

তারিখঃ ০৩/০৪/২০১৮

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।